

০৩৩২  
২  
স্বাক্ষর

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরে বাংলা নগর  
ঢাকা-১২০৭

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং ৫৭.১৭.০০০০.২১৮.০০১.১৭-০৫

তারিখ : ১৯/০৭/২০১৭খ্রিঃ


বরাবর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

বিষয় : মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানে সরকার অনুমোদিত পাঠ্যবই ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) পর্যায়ে শিক্ষার্থীদের মানসম্পন্ন শিক্ষা অর্জনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার অনুমোদিত পাঠ্যবই ব্যবহার নিশ্চিত করতে হবে। মানবিক গুণসম্পন্ন, সৃজনশীল ও মেধাবী জাতি তৈরির লক্ষ্যে বর্তমান সরকার মাধ্যমিক স্তরের প্রত্যেক শিক্ষার্থীর জন্য বিনামূল্যে বই বিতরণ করছে। শ্রেণিকক্ষে প্রত্যেক শিক্ষার্থী যেন বোর্ড নির্ধারিত বই ব্যবহার করে তা নিয়মিত তদারকি করতে হবে। কোন অবস্থাতেই যেন গাইড বইয়ের ব্যবহার না হয় সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হল।

এসএসসি(ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের কোন প্রতিষ্ঠানে সরকার অনুমোদিত পাঠ্যবইয়ের পরিবর্তে বেসরকারি প্রকাশনীর গাইড বই ব্যবহার হয়ে থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি জাতীয় গুরুত্বপূর্ণ।



(মোঃ আক্তারউজ্জামান)

পরিচালক (কারিকুলাম)


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং ৫৭.১৭.০০০০.২১৮.০০১.১৭-০৫ (০৭)

তারিখ : ১৯/০৭/২০১৭খ্রিঃ

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল।

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
(পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হল।)
- ৫। কারিকুলাম বিশেষজ্ঞ (ভোকেশনাল), বাকাশিবো, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস নথি।



(মোঃ মোদাছেহর আলী)

উপ-পরিচালক (প্রকাশনা)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা